

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৪৭

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ রোগীকে দেখতে আসা ব্যক্তির জন্য ফেরেস্তাগণ সকাল থেকে সন্ধ্যা এবং সন্ধ্যা থেকে সকাল পর্যন্ত ইস্তিগফার করতে থাকে

ذِكْنُ اسْتِغْفَارِ الْمَلَائِكَةِ لِعَائِدِ الْمَرِيضِ مِنَ الْغَدَاةِ إِلَى الْعَشِيّ وَمَنَ الْعَشِيّ إِلَى الْغَدَاةِ

আরবী

2947 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى قَالَ: حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِد قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ يَعْلَى بْنُ عَطَاءٍ عَنْ عَبْدِ اللَّهِ بِن شَدّاد: أَنَّ عَمْرَو بْنَ حُرَيْثِ زَارَ الْحَسَنَ بْنَ عَلِيٍّ فَقَالَ لَهُ عَلِيٌّ بْنُ أَبِي طَالِبِ: يَا عَمْرُو أَتَزُورُ حَسَنًا وَفِي النَّفْسِ مَا فِيهَا؟ قَالَ: نَعَمْ يَا عَلِيٌّ فَقَالَ لَهُ عَلِيٌ لَسْتَ بِرِبِّ قَلْبِي تُصِرِّفُه حَيْثُ شِئْتَ فَقَالَ عَلِيٌّ: أَمَا إِنَّ ذَلِكَ لَا يَمْنَعُنِي مِنْ أَنْ عَلِي لَي لَا لَنَّ عَلِي اللَّهُ عَلِيهُ وسلم يقول: (ما من امرىء مُسُلِم يَعُودُ مُسُلِماً إِلَّا ابْتَعَتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيهُ وسلم يقول: (ما من امرىء مُسُلِم يَعُودُ مُسُلِماً إِلَّا ابْتَعَتُ اللَّهُ سَبْعِينَ أَلْفَ مَلَك يُصَلُّونَ عَلَيْهِ فِي أَيِّ سَاعَاتِ النَّهَارِ كَانَ حَتَى يَصَبِح) كَانَ حَتَى يُمْسِيَ وَأَيِّ سَاعَاتِ اللَّيْلِ كَان حتى يصبح) كَانَ حَتَى يُمْسِي وَأَيِّ سَاعَاتِ اللَّيْلِ كَان حتى يصبح) الراوي : عَبْد اللَّهِ بِن شَدّاد ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2947 ا خلاصة حكم المحدث: صحيح ((الصحيحة)) (1367).

বাংলা

২৯৪৭. আব্দুল্লাহ বিন শাদ্দাদ থেকে বর্ণিত, তিনি বলেন, "নিশ্চয়ই আমর বিন হুরাইস হাসান বিন আলী রাদ্বিয়াল্লাহু আনহুকে অসুস্থতার সময় দেখতে আসেন, তখন আলী বিন আবী তালিব রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "হে আমর, আপনি হাসান রাদ্বিয়াল্লাহু আনহুকে দেখতে এসেছেন, অথচ মনে যা থাকার তা তো আছেই?" তখন তিনি জবাবে বলেন, "জ্বী, হ্যাঁ। হে আলী রাদ্বিয়াল্লাহু আনহু, আপনি তো আমার মনের প্রভু নন যে, আপনি যেভাবে ইচ্ছা সেটাকে চালিত করবেন।" তখন আলী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "জেনে রাখুন, নিশ্চয়ই ঐ ব্যাপারটি আমাকে আপনার কাছে কল্যাণ (হাদীস) পৌঁছিয়ে দেওয়ার ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি করেনি। নিশ্চয়ই আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, কোন মুসলিম ব্যক্তি যদি অপর কোন মুসলিম



ব্যক্তিকে অসুস্থ অবস্থায় দেখতে যায়,তবে মহান আল্লাহ ৭০ হাজার ফেরেস্তা পাঠান, তার জন্য দু'আ-ইস্ভিগফার করার জন্য। সে দিনের যে কোন অংশেই দেখতে যাক না কেন, তার জন্য ফেরেস্তাগণ সন্ধ্যা পর্যন্ত দু'আ-ইস্ভিগফার করতে থাকেন। অনুরুপভাবে সে রাতের যে কোন অংশেই দেখতে যাক না কেন, তার জন্য ফেরেস্তাগণ সকাল পর্যন্ত দু'আ-ইস্ভিগফার করতে থাকেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৯৭; হাইসামী, মাজমাণ্টয যাওয়াইদ: ৩/৩০-৩১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/২৩৪; আবূ দাউদ: ৩০৯৯; ইবনু মাজাহ: ১৪৪২; হাকিম: ১/৩৪১; সুনান বাইহাকী: ৩/৩৮০; তিরমিযী: ৯৬৯।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১৩৬৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্নু শাদ্দাদ (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন